

শিক্ষকদের স্বতন্ত্র বেতন স্কেল হবে: শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকদের পেশাগত ও সামাজিক মর্যাদা সুসংহত করার লক্ষ্যে তাদের জন্য উন্নতশীল বিখের অনুরূপ স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তনে সরকার বরূপরি কর। বৃহস্পতিবার রাজধানীর টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে শিক্ষার বৈশ্বিক উন্নয়নে বর্তমান সরকার শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। সেমিনারের আয়োজক স্বাধীনতা শিক্ষক পরিষদ (হাশিপ)।

স্বাধীনতা শিক্ষক পরিষদের আহ্বায়ক প্রফেসর ড. আব্দুল মান্নান চৌধুরী সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং বিশেষ অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উপস্থিত ছিলেন।

সেমিনার শেষে জাতীয় প্রতিনিধি সভা হয়। এতে দেশের ৫৪টি জেলা থেকে প্রায় এক হাজার শিক্ষক প্রতিনিধি অংশগ্রহণ করেন। সভায় প্রফেসর ড. আব্দুল মান্নান চৌধুরীকে সভাপতি ও অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজুকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

সেমিনারে স্বাগত বক্তব্য ও প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু। অন্যায়ের মধ্যে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষক নেতা ও স্টিয়ারিং কমিটির সদস্য অধ্যক্ষ এম. এ আউয়াল সিদ্দিকী, শ্যামলী নাসরীন চৌধুরী, প্রফেসর মো. সাজিদুল ইসলাম প্রমুখ।